গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

তারিখঃ ০৫ জানুয়ারী ২০২৫

সূত্র: ২৪.০৯.০০০০.০০০.১৬.২২৩.২১-৬

## অফিস আদেশ

জেডিপিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৪-২০২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ০৭ জানুয়ারী ২০২৫ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় জেডিপিসি'র সম্মেলন কক্ষে NIS কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির একটি সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব জিনাত আরা, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি।

সংশ্লিষ্ট সকলকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫.০১.২০২৫
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)
০১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ফোকাল পয়েন্ট ও টেকনোলজি রিসার্চ এন্ড টেনিং এক্সিকিউটিভ, জেডিপিসি।
০২। জনাব নুসরাত জাহান, সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৩। জনাব মোঃ মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৪। জনাব মোঃ আব্দুল হান্নান মিয়াজী,পার্সোনাল অফিসার, জেডিপিসি।
০৫। জনাব পলিগুহ, পার্সোনাল অফিসার, জেডিপিসি।

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
০১। প্রশাসনিক কর্মকর্তা, জেডিপিসি। (সভা আয়োজনে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০২। হিসাব রক্ষণ কর্মকর্তা, জেডিপিসি।
০৩। নির্বাহী পরিচালক মহোদয়ের পার্সোনাল অফিসার, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিডিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.jdpc.gov.bd

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জিনাত আরা
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
জেডিপিসি,

তারিখ : ০৭ জানুয়ারী ২০২৫

স্থান : জেডিপিসি'র সম্মেলন কক্ষ (১৪৫, মনিপুরী পাড়া তেজগাঁও, ঢাকা)।

সভার উপস্থিতি তালিকা : পরিশিষ্ট-"ক"

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২. সভাপতির অনুমতিক্রমে প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: জাহাঙ্গীর আলম সভাকে অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে দাখিল করা হয়েছে। এছাড়া, কর্ম-পরিকল্পনায় যে সকল কার্যক্রমসমূহ ৩য় ত্রৈমাসিকে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে সে সকল কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা অর্জন এবং কমিটির কার্যপরিধির আলোকে অন্যান্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা প্রয়োজন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৩. সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয়/আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারীর কর্মকর্তা |
|---|---|---|---|
| (ক) | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম নম্বর ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশিজনের অংশগ্রহণে ঢাকার বাহিরে একটি মতবিনিময় সভার আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সভাপতি লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত যথাসময়ে ঢাকার বাহিরে একটি মতবিনিময় সভার আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তা/এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | ৩০ মার্চ ২০২৫ তারিখের মধ্যে অংশিজনের অংশগ্রহণে ঢাকার বাহিরে একটি মতবিনিময় সভার আয়োজন করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা/এনআইএস ফোকাল পয়েন্ট |
| (খ) | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম নম্বর ১.৪ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে শুদ্ধাচার সংক্রান্ত জেডিপিসি ও আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। সভাপতি লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত যথাসময়ে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তা/এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে জেডিপিসি'র কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা/এনআইএস ফোকাল পয়েন্ট |

| ক্রমিক | আলোচ্য বিষয়/আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারীর কর্মকর্তা |
|---|---|---|---|
| (গ) | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম নম্বর ১.৬ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। সভাপতি লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত যথাসময়ে জেডিপিসি ও জেইএসসিসমুহের সেন্টার ইন-চার্জদের সমন্বয়ে Zoom Platform এ কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তা/এনআইএস ফোকাল পয়েন্ট ও জেইএসিসমূহের সেন্টার ইন-চার্জদের নির্দেশনা প্রদান করেন। | ৩০ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে জেডিপিসি'র কর্মকর্তা-কর্মচারী ও জেইএসসিসমূহের সেন্টার ইন-চার্জদের সমন্বয়ে Zoom Platform এ একটি কর্মশালা আয়োজন করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা/এনআইএস ফোকাল পয়েন্ট ও জেইএসিসমূহের সেন্টার ইন-চার্জদ |
| (ঘ) | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম নম্বর ৩.৪ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে জেডিপিসি'র কাঁচামাল ব্যাংকের (RMB) সুতা ও জুট-ফেব্রিক্স ক্রয় ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা নিশ্চিতকরণে নীতিমালা প্রস্তুতকরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। সভাপতি জেডিপিসি'র কাঁচামাল ব্যাংক সংক্রান্ত নীতিমালা তৈরীর জন্য ৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে নির্ধারিত সময়ের মধ্যে কাঁচামাল ব্যাংক সংক্রান্ত একটি কার্যকর নীতিমালা প্রনয়ণ করার জন্য প্রশাসনিক কর্মকর্তা/এনআইএস ফোকাল পয়েন্টকে নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে (৩১ মার্চ ২০২৫) কাঁচামাল ব্যাংক সংক্রান্ত একটি কার্যকর নীতিমালা প্রনয়ণ করতে হবে। | কমিটি/এনআইএস ফোকাল পয়েন্ট, প্রশাসনিক কর্মকর্তা |
| (চ) | পরিচালক (এমআরপি) সভাকে অবহিত করেন যে, জেডিপিসি ও আওতাধীন জেইএসসিসমূহের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ, পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ, সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>এ বিষয়ে প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: জাহাঙ্গীর আলম সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে ৩য় কোয়ার্টার পর্যন্ত জেডিপিসি'র সফলতা হচ্ছে ২৪০ জনকে বহুমুখী পাটপণ্যের উপর প্রশিক্ষণ প্রদান, 4টি বহুমুখী পাটপণ্যের একক মেলা আয়োজন, ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলাসহ ৬টি যৌথ মেলায় অংশগ্রহন। সারা বাংলাদেশে বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি ও ব্যবসা সম্প্রসারণের জন্য ২০০ জনকে পরামর্শমুলক সেবা প্রদান করা হয়েছে। বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধির জন্য ৬টি মতবিনিময় সভা ও ৮টি বিভিন্ন কর্মশালা আয়োজন করা হয়েছে। ৬টি প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। এছাড়াও সারা বাংলাদেশে প্রায় ৫০ জনকে জেডিপিসি'র নতুন উদ্যোক্তা হিসাবে নিবন্ধন প্রদান করা হয়েছে। | (১) প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র এবং কাচাঁমাল ব্যাংকের বিক্রিয় বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে;<br>(২) ফেব্রিক্স উৎপাদনকারী উদ্যোক্তাদের সাথে একটি সভা আরয়জন করতে হবে;<br>(৩) প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের অর্ডার গ্রহণ ও সরবরাহের বিষয়ে ১৫ দিন পর পর রেজিষ্টারে লিপিবদ্ধ করে নির্বাহী পরিচালক, জেডিপিসিকে, অবহিত করতে হবে। | পরিচালক (এমআরপি), কমিটি/এনআইএস ফোকাল পয়েন্ট, এপিএ ফোকাল পয়েন্ট, হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, জেইএসসি সেন্টার ইন-চার্জ চার্জ (সকল), ম্যানেজার অপারেশন, ম্যানেরজার সেলস, প্রদর্শণীও বিক্রয় কেন্দ্র। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারীর কর্মকর্তা |
|---|---|---|---|
| | তিনি আরোও বলেন, জেডিপিসি'র আর্থিক স্বল্পতার করাণে কিছু কিছু কার্যক্রম সম্পাদনের সমস্যা সৃষ্টি হচ্ছে। আর্থিক সমস্যা সমাধানকল্পে নিম্নোক্ত কর্মপরিকল্পা গ্রহণ করা হয়েছে- (ক) জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র এবং কাচাঁমাল ব্যাংকের বিক্রিয় বৃদ্ধি করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জেডিপিসি'র এ সকল কার্যক্রম সচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করার জন্য তিনি সকলকে আহবান জানান।<br><br>এ প্রেক্ষিতে মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম বলেন, সকল জেইএসসিসমূহে কাঁচামাল সরবরাহের জন্য কাঁচামাল উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ সাথে নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিতে একটি সভা আয়োজন করতে হবে। সভায় উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে নিয়মিত ফেব্রিক্স সরবরাহ করার জন্য অনুরোধ করতে হবে। সভাপতি কাঁচামাল উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ সাথে সভা আয়োজন নির্দেশনা প্রদান করেন।<br><br>জনাব পলিগুহ, পাসোর্নাল অফিসার বলেন, জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের অর্ডার গ্রহণ ও সরবরাহ জেডিপিসি'র একটি বড় সফলতা । প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের বিক্রয় বৃদ্ধি মনিটরিং করার জন্য এবং অর্ডার গ্রহণ ও সরবরাহ বিষয়ে আলোচনা করেন। তিনি আরো উল্লেখ করেন যে, অধিতর স্বচ্ছতা আনায়নের জন্য অর্ডার গ্রহণ ও সরবরাহের বিষয়ে রেজিষ্টারে লিপিবদ্ধ করা যেতে পারে। সভাপতি প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের অর্ডার গ্রহণ ও সরবরাহের বিষয়ে ১৫ দিন পর পর রেজিষ্টারে লিপিবদ্ধ করে তাকে অবহিত করার জন্য জনাব জাফর সাদেক, ম্যনেজার অপারেশনকে নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি জেডিপিসি'র ৩য় কোয়ার্টার পর্যন্ত অর্জিত সফলতায় সন্তুষ্টি প্রকাশ করেন। জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয়কেন্দ্রসহ সকল জেইএসসিগুলোকে পণ্যের বিক্রয় বৃদ্ধিরসহ জেডিপিসি'র অর্থিকস্বচ্ছলতা আনায়নের জন্য একযোগে কাজ করার নির্দেশনা প্রদান করেন। | | |

৪.০ সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৩/২০২৫

(জিনাত আরা)
অতিরিক্ত সচিব
ও
নির্বাহী পরিচালক

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.jdpc.gov.bd

**বিষয়ঃ** ০৭ জানুয়ারী ২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকিতা কমিটির ৩য় সভায় উপস্থিতির তালিকা।

| ক্রমিক নং | নাম , পদবী ও ঠিকানা | ইমেইল /মোবাইল নং | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | জিনাত আরা<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি | ed@jdpc.gov.bd | [signature] ০৭/০১/২০২৫ |
| ০২ | সীমা বোস অধরা<br>পরিচালক(এমআরপি)<br>জেডিপিসি | 01761443322 | [signature] ০৭.০১.২০২৫ |
| ০৩ | মোঃ জাহাঙ্গীর আলম<br>প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী<br>জেডিপিসি | 01711440576 | [signature] ০৭/০১/২০২৫ |
| ০৪ | মোঃ মোজাহিদুল ইসলাম<br>মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ,<br>জেডিপিসি। | 01757111567 | [signature] ০৭/০১/২০২৫ |
| ০৫ | নুসরাত জাহান<br>সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ<br>জেডিপিসি | | |
| ০৬ | মোঃ আব্দুল হান্নান মিয়াজী<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | ০১৭২৫৭৫৬৮০৮ | [signature] ০৭/০১/২৫ |
| ০৭ | পলি গুহ<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | 01912459962 | [signature] ০৭/০১/২০২৫. |

নৈতিকতা কমিটির সভার ছবি







তারিখ: ০৭ জানুয়ারি ২০২৫